

সিনেটে বক্তাদের মত শিক্ষার মান ক্রমশই নিম্নমুখী হচ্ছে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনে বক্তারা বলেছেন : বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান ক্রমশ নিম্নগামী হচ্ছে। বক্তারা শিক্ষার মানোন্নয়নের জন্য পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়েছেন। বক্তারা উপযুক্ত পরিবেশ সৃষ্টি করে অবিলম্বে ডাকসু নির্বাচন দেয়ার দাবি জানিয়েছেন।

গত ২৭শে জুনের মূলতুবি অধিবেশন গতকাল সোমবার বিকেল ৩টায় সিনেট কক্ষে শুরু হয়। উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনে আলোচনা করেন অধ্যাপক ইউসুফ হায়দার, সুলতানা শফি, এডভোকেট সৈয়দ আহমদ, ডঃ ম. আজহারুজ্জামান, লায়লা হাসান, মোস্তফা চৌধুরী, খন্দকার বজলুল হক, আলী আশরাফ এমপি, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী প্রমুখ।

গতকালের অধিবেশনের শুরুতে উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী তার নির্ধারিত অভিভাষণ দেন। গতকাল রাত ৮টা পর্যন্ত অধিবেশন চলে এবং আজ বিকেল ৩টা পর্যন্ত মূলতুবি করা হয়।

উপাচার্যের বক্তৃত্যশেষে অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী বলেন, বিশ্ববিদ্যালয়

থেকে সন্তোষ কমেছে বলে যে কথা বলা হচ্ছে, কিন্তু শিক্ষার মান কমে যাচ্ছে তা কেউ বলছেন না। তিনি নিম্নগামী শিক্ষার মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার আহ্বান জানান।

ডঃ ম. আজহারুজ্জামান এমপি বলেন, দীর্ঘদিন যাবৎ ডাকসু নির্বাচন হচ্ছে না, এতে ছাত্রদের প্রতিনিধিত্ব থাকছে না। তিনি নির্বাচনের সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করে ডাকসু নির্বাচনের দাবি জানান।

বক্তারা বলেন, প্রায় ৩০ বছর যাবৎ বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন হচ্ছে না। সমাবর্তন সম্পর্কিত এক প্রশ্নের জবাবে উপাচার্য বলেন, আগামী মাসের (আগস্ট) মাঝামাঝি পর্যায়ে সমাবর্তন হতে পারে। চ্যান্সেলর হিসেবে রাষ্ট্রপতিকে আহ্বান জানানো হয়েছে। তিনি যদি সময় দিতে পারেন তাহলে সমাবর্তন হবে। উপাচার্য এ সময় বলেন, প্রধান বক্তা হিসেবে নোবেল বিজয়ী ডঃ অমর্তা সেন সমাবর্তন অনুষ্ঠানে যোগ দিতে রাজি হয়েছেন।